মমতার ভাগ্য নির্ধারণ আজ, শুরু হয়েছে ভাবানিপুরের ভোট গণনা

চেম্বার ডেস্ক:: পশ্চিমবঙ্গের বর্তমান মুখ্যমন্ত্রী তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীর ভাগ্য নির্ধারণ হতে যাচ্ছে আজ। ভবানীপুর বিধানসভা আসনের উপনির্বাচনে প্রার্থী হয়েছেন তিনি। ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় বৃহস্পতিবার (৩০সেপ্টেম্বর)।

আজ রবিবার (৩ অক্টোবর) ফলাফল প্রকাশ করা হবে।

বেলা গড়াতেই জানা যাবে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী পদে মমতা আর থাকতে পারছেন কিনা। নাকি অন্যদিকে মোড় নেবে তার রাজনৈতিক জীবন। একই সঙ্গে মুর্শিদাবাদের দুই কেন্দ্র জঙ্গিপুর ও সমশেরগঞ্জের উপনির্বাচনের ফলও প্রকাশিত হবে আজ।

ভবানীপুর উপনির্বাচনে ভোট পড়ে ৫৭ শতাংশের বেশি। গত ২৬ এপ্রিলের বিধানসভা ভোটে এই কেন্দ্রে ভোট পড়েছিল প্রায় ৬২ শতাংশ। তৃণমূলের প্রার্থী শোভনদেব চট্টোপাধ্যায় জয়ী হন ২৮,৭১৯ ভোটের ব্যবধানে।

২০১১ সালে মুখ্যমন্ত্রী হওয়ার পর এই কেন্দ্রেই উপনির্বাচনে জিতে আসেন মমতা। ভোট পড়েছিল ৪৫ শতাংশেরও কম। মমতা জিতেছিলেন ৫৪ হাজারের কিছু বেশি ভোটে। ভবানীপুরে এ বার মোট প্রার্থীর সংখ্যা
১২। মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে বিজেপি প্রার্থী আইনজীবী প্রিয়ঙ্কা টিবরেওয়াল। সিপিএম প্রার্থী শ্রীজীব বিশ্বাস।

ভোটের ফলাফলের দিকে তাকিয়ে গোটা পশ্চিমবঙ্গ। মুখ্যমন্ত্রী থাকতে হলে মমতার জয়ী হওয়া ছাড়া বিকল্প নেই।

এদিকে, সকাল ৮টা থেকে শুরু হওয়া ভোট গণনা প্রক্রিয়াকে নিরাপদ রাখতে ত্রিস্তরীয় নিরাপত্তা বলয় তৈরি করা হয়েছে প্রশাসনের পক্ষ থেকে। প্রথম বলয়ে আছে স্থানীয় পুলিশ। দ্বিতীয় বলয়ে রাজ্য পুলিশ। গণনাকেন্দ্রের বাইরে নিরাপত্তার দায়িত্বে আছে কেন্দ্রীয় বাহিনী। গণনাকেন্দ্রের ২০০ মিটারের মধ্যে জারি রয়েছে ১৪৪ ধারা।